# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাই স্কুল)
## ষষ্ঠ শ্রেণিঃ- বাংলা
## নমুনা উত্তর পত্র – ওয়ার্কশিট –২

**১/**

১.১> গ> দত্তদের আম বাগানে বসে।
১.২> খ> গোঁসাই বাড়িতে।
১.৩> ক> দে সরকারের বই দেখে।
১.৪> ঘ> গোঁসাইবাগান।
১.৫> ক> কন্যা।
১.৬> ঘ> অনির্দেশক সংখ্যা বাচক শব্দ।
১.৭> ঘ> পরিবর্তিত যৌগিক শব্দ।
১.৮> ক> গিরিশ।

**২/**

২.১> ফার্স্টবয় প্রশান্ত কয়েকটি রচনা বই থেকে মিলিয়ে বর্ষার সুন্দর মনোগ্রাহী বর্ণনা লিখলেও লেখাতে নিজস্ব অভিজ্ঞতা ও ভাবনায় মৌলিক প্রকাশ নেই, তাই শিক্ষক সুধীরবাবুর তা পছন্দ হয়নি।

২.২> ক্লাসে হাবুর রচনা পাঠের সময় পাশে বসা তিনকড়ি গলা উঁচু করে বিস্ফারিত চোখে হাবুর খাতার দিকে হাঁ করে চেয়েছিল বলে সুধীরবাবু তাকে বকে উঠলেন।

২.৩> বাংলা রচনা ক্লাসে সুধীরবাবু কয়েকজন ছাত্রকে বেছে নিয়ে বাড়ি থেকে লিখে আনা রচনা পাঠ করতে বলেন।, অন্যদের মন দিয়ে শুনতে বলেন যাতে নিজের লেখার মান সম্বন্ধে ছাত্রদের ধারণা হয়। এটাই তার মেথড।

২.৪> গঠন অনুযায়ী সাধিত শব্দকে দুটি ভাগে ভাগ করা যায় –

ক> জোড় বাঁধা সাধিত শব্দ
খ> শব্দের সঙ্গে শব্দাংশ জুড়ে সাধিত শব্দ
খ.১> শব্দের সঙ্গে শব্দাংশ জুড়ে
খ.২> ধাতুর সঙ্গে শব্দাংশ জুড়ে সাধিত শব্দ

২.৫> সংখ্যাশব্দগুলি সবই এক একটি নাম। এই জাতীয় সংখ্যাশব্দ থেকে যখন কোনো নির্দিষ্ট স্থান্ বা ক্রম বোঝায় অর্থাৎ সংখ্যাশব্দের একটা বৈশিষ্ট্য প্রকাশ পায় তখন সেই শব্দগুলিকে পূরণবাচক শব্দ বলে।

**৩/**

- বিশিষ্ট শিশু সাহিত্যিক অজেয় রায় রচিত 'হাবুর বিপদ' গল্পে, হাবু তার বন্ধু ভজার সঙ্গে গোপালপুরের মেলায় যাওয়ার জন্য বাড়ি ফিরতে রাত হয়ে যায়। ফলে বাংলা রচনার কাজ করতে পারে না। এছাড়া বাবার শাস্তির ভয় ছিল কারণ তিনি রাতে খাওয়ার পর পড়াশুনা পছন্দ করতেন না।

- বাংলার শিক্ষক অত্যন্ত রাশভারী মানুষ সুধীরবাবু যখন হাবুকে রচনা পাঠ করতে বলেন তখন ভয়ে হাবু কাজ করে আনেনি একথা বলতে পারে না। সে বীজগণিতের খাতার সাদা পাতা খুলে নিজের কল্পনা শক্তি ও অভিজ্ঞতার উপর নির্ভর করে মন থেকে স্বচ্ছন্দগতিতে 'বাংলাদেশে বর্ষাকাল' রচনা বলে চলে। গ্রামবাংলা ও শহরের বর্ষা প্রকৃতি, সুবিধা, অসুবিধা, চাষীদের অবস্থা জীবন্তভাবে সাবলীল ভাষায় বর্ণনা করে চলে।

- সুধীরবাবু সবসময় চেষ্টা করতেন ছাত্রদের মধ্যে মৌলিকতার বীজ বপন করতে যাতে তারা বই মুখস্থ না করে নিজের ভাবনা, কল্পনা ও অভিজ্ঞতার দ্বারা কোন বিষয়ে রচনা লিখতে পারে, তাই হাবুর মন থেকে সম্পূর্ণ মৌলিক রচনা শুনে তিনি অত্যন্ত খুশি হলেন।